গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

# বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

বান্দরবান।
ফোন: চেয়ারম্যানের অফিস: ০৩৬১-৬২৩৬৭ (অফিস), মুখ্য নির্বাহী কর্মকর্তার অফিস : ০৩৬১-৬২৪৮৭ (অফিস)
ফ্যাক্স: ০৩৬১-৬২৩৯১, ওয়েব সাইট: www.bhdcbd.gov.bd, ইমেইল: bhdcbd@gmail.com

স্মারক নং- ২৯.৩৫.০৩০০.০০৩.৩৬.২৯৫.১৯- ৯৬২

তারিখ-২৭/০১/২০২১ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বান্দরবান পার্বত্য জেলা পরিষদে ন্যস্ত প্রাথমিক শিক্ষা বিভাগের আওতাধীন বিভিন্ন উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভূক্ত সহকারী শিক্ষকের শূন্য পদে এবং জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পিইডিপি-৪ এর আওতায় প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য রাজস্বখাতে সৃষ্ট সহকারী শিক্ষক পদে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের নাগরিক ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/মহিলাদের) নিকট হতে নিম্নলিখিত নির্দেশনা/শর্তানুযায়ী স্ব-হস্তে লিখিত/অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতনস্কেল ও গ্রেড | শূন্য পদের সংখ্যা | বয়সসীমা (২৫/০২/২০২১ তারিখে) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| সহকারী শিক্ষক | বেতন স্কেল : টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | ১। রাজস্ব খাত ভূক্ত সহকারী শিক্ষক পদ : ৯৫ টি<br>২। প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য রাজস্বখাত ভূক্ত সৃষ্ট সহকারী শিক্ষক পদ : ১৮৬ টি | সর্বনিম্ন ২১ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর<br>*মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-সহ স্নাতক বা স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। |

শর্তাবলী ঃ

১) অনলাইনে বা **চেয়ারম্যান, বান্দরাবন পার্বত্য জেলা পরিষদ বরাবর** স্ব-হস্তে লিখিত/পূরণকৃত সরকারি চাকরি আবেদনপত্র **আগামী ২৫/০২/২০২১ খ্রিঃ** তারিখের বিকাল : ৫.০০ টার মধ্যে অফিস চলাকালীন সময়ে বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কার্যালয়ে পৌঁছাতে হবে। উক্ত তারিখ/সময়ের পরে অনলাইনে কিংবা সরাসরি, ডাকযোগে বা অন্যকোন উপায়ে প্রাপ্ত দরখাস্ত গ্রহণ করা হবেনা।

২) বান্দরবান পার্বত্য জেলা পরিষদের ওয়েব সাইট : **www.bhdc.gov.bd** - তে প্রবেশ করে আভ্যন্তরীন ই-সেবায় **"অনলাইন চাকরি আবেদন"** অপশনে অথবা http://bhdc.eservicebd.com **এ প্রবেশ করে আগামী ২৫/০২/২০২১ খ্রিঃ এর মধ্যে বিকাল ৫.০০ টর মধ্যে অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদন গ্রহণ শুরু হবে - ১০/০২/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ টা হতে** এবং শেষ হবে- ২৫/২/২০২১ খ্রিঃ তারিখ বিকাল-৫.০০টা।

৩) **আবেদনকারী যে উপজেলার স্থায়ী বাসিন্দা তার প্রার্থীতা উক্ত উপজেলার অনুকূলে নির্ধারিত হবে এবং তার নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তদানুযায়ী নিয়ন্ত্রিত হবে। সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯- এ বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে নিজ উপজেলায় নিয়োগের অগ্রাধিকার দেয়া হবে।**

৪) সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী মেধা ক্রমানুসারে নির্বাচিত প্রার্থীদের দ্বারা প্রথমে (উপজেলাভিত্তিক) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত 'সহকারী শিক্ষক' এর শূন্যপদসমূহ পূরণ করা হবে। মেধা তালিকার অবশিষ্ট প্রার্থী দ্বারা জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণির জন্য রাজস্বখাতে সৃষ্ট 'সহকারী শিক্ষক' এর পদসমূহ পূরণ করা হবে।

৫) বিবাহিত মহিলা প্রার্থীগণ আবেদনে তাদের স্বামী অথবা পিতার স্থায়ী ঠিকানায় আবেদন করতে পারবেন। তবে এ দুটি স্থায়ী ঠিকানার মধ্যে তিনি যেটি আবেদনে উল্লেখ করবেন তার প্রার্থিতা সেই উপজেলার কোটায় বিবেচিত হবে।

৬) **২৫/০২/২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ২১-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।**

৭) অসত্য/ভুয়া তথ্য সংবলিত/ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুয়া তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮) পোষ্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে অবশ্যই পোষ্য কোটার স্বপক্ষে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। এর ব্যত্যয় হলে তার প্রার্থীতা পোষ্য কোটায় বিবেচনা করা হবে না।

৯) সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯ এর ব্যাখ্যা অনুযায়ী "পোষ্য" অর্থ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নিয়োজিত আছেন বা ছিলেন এমন শিক্ষকের অবিবাহিত সন্তান, যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল আছেন বা তিনি জীবিত থাকলে বা চাকরিতে থাকলে সম্পূর্ণরূপে নির্ভরশীল থাকতেন এবং উক্ত শিক্ষকের বিধবা স্ত্রী বা বিপত্নীক স্বামী বা তালাকপ্রাপ্ত কন্যা যিনি উক্ত শিক্ষকের উপর সম্পূর্ণরূপে নির্ভরশীল ছিলেন বা ক্ষেত্রমতে, তিনি জীবিত থাকলে অনুরূপভাবে নির্ভরশীল থাকতেন শুধুমাত্র তারাই পোষ্য কোটার প্রার্থী হিসেবে বিবেচিত হবে।

১০) কোটার প্রার্থীগণ স্ব-স্ব আবেদনপত্রের খামের শিরোভাগে **<u>লাল কালিতে কোটার নাম, পুরুষ/মহিলা প্রার্থী এবং উপজেলার নাম</u>** লিখতে হবে।

১১) সরকারি/আধা-সরকারি প্রতিষ্ঠানসমূহে চাকুরিরত/কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন পত্র দাখিল করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।

১২) আবেদনপত্রে স্পষ্টাক্ষরে- (ক) আবেদনকারীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) বর্তমান ঠিকানা, (ঙ) পূর্ণাঙ্গ স্থায়ী ঠিকানা, (চ) শিক্ষাগত যোগ্যতা, (ছ) অভিজ্ঞতা (যদি থাকে), (জ) জন্ম তারিখ, (ঝ) বয়স (২৫/২/২০২১ তারিখে), (ঞ) ধর্ম, (ট) জাতীয়তা, (ঠ) বৈবাহিক অবস্থা, ড) পুরুষ/মহিলা, ঢ) মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ করতে হবে।

১৩) স্ব-হস্তে লিখিত আবেদনকারীদেরকে আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত সত্যায়নকৃত কাগজপত্রাদি এবং অনলাইনে আবেদনকারীদের মধ্যে যারা মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত/মনোনিত হবেন তাদেরকে নিম্নবর্ণিত সত্যায়নকৃত কাগজপত্রাদি মৌখিক পরিক্ষার পূর্বে দাখিল করতে হবে।

ক) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ কপি রঙিন ছবি।

**খ) বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার স্বপক্ষে বোমাং সার্কেল চীফ/জেলা প্রশাসক এর প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্র।**

গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার সনদপত্র/ সাময়িক সনদপত্র।

ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকতা সনদপত্র।

ঙ) জাতীয় পরিচয়পত্রের উভয় পৃষ্ঠার সত্যায়িত ফটোকপি এবং জন্ম নিবন্ধনের কপি।

চ) পোষ্য কোটার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক (০১/০১/২০২১ তারিখের পূর্বে স্বাক্ষরিত নয়) প্রদত্ত পোষ্য সনদপত্র।

ছ) সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছরের কোটার প্রার্থীদের প্রমাণের ক্ষেত্রে: -

১) মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদের জন্য সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধার প্রয়োজনীয় কাগজপত্র এবং

২) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের অনুকূলে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

১৪) প্রার্থীর সনদপত্র ও ছবি সত্যায়নকারী কর্মকর্তার (৯ম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা) স্বাক্ষরের এর নিচে নামসহ সীল থাকতে হবে।

১৫) নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির ১৮/০১/২০২১ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত অনুসরণ করা হবে।

**১৬) লিখিত ও মৌখিক পরীক্ষার অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।**

১৭) আবেদনপত্রের সাথে নিম্নস্বাক্ষরকারী অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে <u>৩০০ (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার</u> সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

১৮) আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না। এছাড়া অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৯) আবেদনপত্র প্রাথমিকভাবে বাছাইয়ের পর কেবলমাত্র যাদের আবেদনপত্র সঠিক এবং প্রাপ্ত কাগজপত্রাদি উপযুক্ত বলে বিবেচিত হবে তাদেরকে লিখিত পরীক্ষায় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

২০) নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শূন্য পদের সংখ্যা বাড়ানোর/কমানোর সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২১) এ নিয়োগের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

(ক্য শৈ হ্লা)
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
ও
সভাপতি,
জেলা প্রাথমিক শিক্ষক নিয়োগ কমিটি
বান্দরবান।

স্মারক নং -৩৮.০১.০৩০০.০০০.১১.০০১.১৭- ১২৫ (৩৭)　　　　তারিখ- ২৭/০১/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল ঃ-

১। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রাণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রাণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ -ঢাকা।

৩। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।

৪। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা ।

৫-৭। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান/ খাগড়াছড়ি/ রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ ।

৮-১৪। উপজেলা চেয়ারম্যান, বান্দরবান সদর/রুমা/রোয়াংছড়ি/ থানচি/লামা/নাইক্ষ্যংছড়ি/আলীকদম,বান্দরবান।

১৫-১৬। মেয়র, বান্দরবান পৌরসভা, বান্দরবান/ লামা পৌরসভা, লামা, বান্দরবান।

১৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা ( মাননীয় মন্ত্রীর গোচরে আনয়নের জন্য )।

১৮। মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব,পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি (মাননীয় চেয়ারম্যানের সদয় গোচরে আনয়নের জন্য) ।

১৯। ..............................................................................................................................................

২০। জেলা তথ্য অফিসার, বান্দরবান।

২১-২৭। উপজেলা শিক্ষা অফিসার, বান্দরবান সদর/রুমা/রোয়াংছড়ি/থানচি/লামা/ নাইক্ষ্যংছড়ি/আলীকদম, বান্দরবান।

২৮। হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।

২৯। সম্পাদক/জেলা প্রতিনিধি, দৈনিক কালের কণ্ঠ/দা এশিয়ান এজ/নতুন বাংলাদেশ, বান্দরবান পার্বত্য জেলা। উক্ত বিজ্ঞপ্তিটির অনুলিপির অংশ বাদে আগামী ৩০/০১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে নূন্যতম সাইজে একটি সংখ্যায় প্রকাশ পূর্বক প্রকাশিত সংখ্যার ০২ (দুই) টি কপি বান্দরবান পার্বত্য জেলা পরিষদে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। অস্বাভাবিক সাইজে বিজ্ঞপ্তি প্রকাশ না করার জন্যও অনুরোধ করা হলো।

৩০। অফিস কপি।

২৭.০১.২০২১

( মো: সফিউল আলম )
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
বান্দরবান।

স্মারক নং -৩৮.০১.০৩০০.০০০.১১.০০১.১৭- ১২৫ (৩৭)　　　　তারিখ-২৭/০১/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল ঃ-

১। জনাব ক্যসাপ্রু/সত্যহা পানজি ত্রিপুরা/জুয়েল বম/কাঞ্চনজয় তঞ্চঙ্গ্যা/লক্ষীপদ দাস/সিংইয়ং ম্রো/ মো: মোজাম্মেল হক বাহাদুর/শৈহ্লাচিং বাশৈচিং মার্মা/মোঃ মাহবুবুর রহমান/ফাতেমা পারুল/তিংতিংম্যা/সিঅং খুমি/ক্যানে ওয়ান চাক/দুংড়িমং মার্মা, সম্মানিত সদস্য, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

২। ................................................................................................

৩। জনসংযোগ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।

২৭.০১.২০২১

( মো: সফিউল আলম )
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
বান্দরবান।